# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩০৬৩

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ১৯. দ্বিতীয় অনুচ্ছেদ - ফারায়িয (মৃত ব্যক্তির সম্পত্তি বণ্টন সম্বন্ধীয়) ও অন্তিম উপদেশ বা আদেশ)

---

## আরবী

وَعَنِ الضَّحَّاكِ بْنِ سُفْيَانَ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَتَبَ إِلَيْهِ: «أَنْ ورث امْرَأَة أَشْيَم الضبابِي مِنْ دِيَةِ زَوْجِهَا» . رَوَاهُ التِّرْمِذِيُّ وَأَبُو دَاوُدَ وَقَالَ التِّرْمِذِيُّ: هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيح

## বাংলা

৩০৬৩-[২৩] যহহাক ইবনু সুফ্ইয়ান হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর কাছে লিখেছেন, আশ্ইয়াম আয্ যিবাবী-এর স্ত্রীকে তার স্বামীর রক্তপণের অংশ দাও! (তিরমিযী ও আবূ দাঊদ; ইমাম তিরমিযী [রহঃ] বলেন, হাদীসটি হাসান সহীহ)[1]

## ফুটনোট

[1] সহীহ : তিরমিযী ২১১০, আবূ দাঊদ ২৯২৭, ইবনু মাজাহ ২৬৪২, আহমাদ ১৫৭৪৬, ইরওয়া ২৬৪৯।

## ব্যাখ্যা

ব্যাখ্যা : আলোচ্য হাদীসে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যহ্হাক ইবনু সুফ্ইয়ান-কে চিঠির মাধ্যমে জানালেন যে, যিবাবী সাহাবী যাকে ভুলক্রমে হত্যা করা হয়েছে তার স্ত্রীকে প্রাপ্ত দিয়াত থেকে মীরাস দাও। হত্যাকারীর ওপর ধার্যকৃত ক্ষতিপূরণ থেকে প্রাপ্ত সম্পদ সর্বপ্রথম হত্যাকৃত ব্যক্তিই মালিক হবে। অতঃপর ঐ রক্তমূল্য বা দিয়াত হত্যাকৃত ব্যক্তির অন্যান্য সম্পদের মতো ওয়ারিসদের মাঝে বণ্টন করা হবে। (‘আওনুল মা‘বূদ ৫ম খন্ড, হাঃ ২৯২৫; তুহফাতুল আহওয়াযী ৫ম খন্ড, হাঃ ২৪১৫; মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ যাহহাক ইবনে সুফিয়ান আল-কিলাবী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=68390

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন